

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ, ফেনী।

তারিখ : ১৩/০৮/২০১৭ খ্রি :

**২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অধিভুক্ত বিষয়সমূহে
ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত বিজ্ঞপ্তি :**

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ফেনী সরকারি কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে শিক্ষা কার্যক্রমের প্রাথমিক আবেদন জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েব সাইট (www.nu.edu.bd/admission) থেকে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে। উক্ত প্রোগ্রামে আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নবর্ণিত ধাপ/নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম জমা দিতে হবে। এ ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের কোন ভর্তি পরীক্ষা দিতে হবে না। জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) ০৪ (চার) বছর মেয়াদী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।

১। আবেদনের যোগ্যতা :

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।
- খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল হয়ে যাবে।

২। আবেদনের নিয়মাবলী :


ক) প্রথম ধাপ : অনলাইনের প্রাথমিক আবেদন ১৬/০৮/২০১৭ থেকে ২৬/০৮/২০১৭ তারিখ এর মধ্যে আবেদনকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েব সাইট (www.nu.edu.bd/admission) থেকে ফরম ডাউনলোড করে নিতে হবে।

খ) দ্বিতীয় ধাপ : ১৭/০৮/২০১৭ থেকে ২৮/০৮/২০১৭ তারিখের মধ্যে আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে সকাল ৯-০০ টা হতে ৩-০০ টা পর্যন্ত সময়ের মধ্যে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজকর্ম, ইতিহাস, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, গণিত, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা ও পদার্থবিদ্যা সহ সকল বিষয়ের প্রার্থীগণ তাদের আবেদন ফরম **রাষ্ট্রবিজ্ঞান বিভাগে** জমা দিতে হবে।

৩। আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমের সংঙ্গে প্রার্থীর স্নাতক(সম্মান) পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং জমাকৃত টাকার রশিদের ফটোকপি সংযুক্ত করে জমা দিতে হবে।

৪। অসম্পূর্ণ আবেদন ফরম গ্রহণ করা হবে না।

৫। এ ভর্তি কার্যক্রমের শ্রেণি কার্যক্রম শুরু হবে ৩০-০৯-২০১৭ খ্রি।


অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ ফেনী।